১০০

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 22 1999 ...
পৃঃ ৪ কলাম ৮

## এমপিওভুক্তিতে অনিয়ম

বর্তমান অর্থবৎসরে নূতন ১৪৮৫টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হইয়াছে। কিন্তু নূতন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির ক্ষেত্রে বিভিন্ন অনিয়ম লক্ষ্য করা যাইতেছে। এমন অনেক শিক্ষা প্রতিষ্ঠান রহিয়াছে, যেগুলি এমপিওভুক্তির বিভিন্ন শর্ত পূরণ হওয়া সত্ত্বেও একাধিকবার আবেদন করিয়াও এমপিওভুক্ত হইতে পারে নাই। অথচ কিছু কিছু বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির কোন শর্ত পূরণ না করিয়াও এমপিওভুক্ত হইয়াছে। ঢাকা শহরের কলাবাগান লেক সার্কাসে অবস্থিত 'বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজ' ইহার একটি বাস্তব উদাহরণ। ঐ কলেজের নিজস্ব কোন জমি নাই, বর্তমানে ভাড়া বাড়ীতে উহার কার্যক্রম চলিতেছে। কোন ছাত্রী এখন পর্যন্ত পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করে নাই, যেখানে পাবলিক পরীক্ষার ফলাফল এমপিওভুক্তির একটি অন্যতম প্রধান শর্ত। সর্বোপরি ইহা একটি অনার্স কলেজ। যেখানে এমপিওভুক্তির ক্ষেত্রে অনার্স কলেজের কোন নীতিমালাই নাই, সেখানে কলেজটি কী করিয়া এমপিওভুক্ত হয়? এখানে এইচ,এস,সি এবং ডিগ্রী পাস কোর্স, কোনটিই নাই। কাজেই ডিগ্রী কলেজ হিসাবে যে এমপিওভুক্ত হইয়াছে, সেটিও সম্ভব নয়। তাহাছাড়া ঐ কলেজের অনুমোদিত কোন গভর্নিং বডিও নাই। এইসব অনিয়মের কারণে অনেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের যোগ্য ও মেধাবী শিক্ষকরা এমপিওভুক্ত হইতে পারিতেছেন না। ফলে তাহাদের আর্থিক অসচ্ছলতার কারণে শিক্ষা কার্যক্রম ব্যাহত হইতেছে। এমতাবস্থায়, এমপিওভুক্তির ব্যাপারে অনিয়ম দূর করিবার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আব্দুল মালেক,
২৪, পাইকপাড়া
মিরপুর-১, ঢাকা।